



ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক  
**রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়**  
কাজলা, রাজশাহী-৬২০৪।  
**প্রকৌশল শাখা**

ফোনঃ ০৭২১-৭৫১১৫৪ ফ্যাক্সঃ ০৭২১-৭৫০০২৯ ও ইমেইল নং- peuser@ruet.ac.bd

স্মারক নং- প্রশা/রুয়েট/নিলাম/ভবন/ ২০১৮-২০১৯/৩৩৯৬

তারিখঃ ২৭/০২/২০১৯ খ্রি।

### পুরাতন পাকা ভবন সমূহ বিক্রির নিলাম বিজ্ঞপ্তি

- ১। রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর অভ্যন্তরে অবস্থিত ২টি (দুই) পুরাতন জরাজীর্ণ ভবন সমূহ যেমন ক) পুরাতন প্রফেসর কোয়ার্টার দুই তলা বিশিষ্ট (খ) পুরাতন গেষ্ট হাউস দুই তলা বিশিষ্ট। ঐ সমূহ জায়গায় খুব শীঘ্রই ভিসি বাংলা নির্মাণ কাজ বাস্তবায়নের লক্ষ্যে পাকা পুরাতন জরাজীর্ণ ভবন সমূহ “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে নিলামে বিক্রয়ের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত ব্যবসায়ী, ঠিকাদার/সরবরাহকারী এবং অন্যান্য ব্যক্তিবর্গের নিকট হতে সিলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা হচ্ছে। উল্লেখ্য, স্যানিটারী এন্ড প্লম্বিং এবং ইলেকট্রিক্যাল মালামাল নিলামের আওতার বাইরে থাকবে।
- ২। পরিদর্শনে আগ্রহী ব্যক্তি/ঠিকাদার/সরবরাহকারীগণ পত্রিকায় প্রকাশের তারিখ হতে ০২/০৩/২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময় (সকাল- ৯টা - বিকাল ৫টা) প্রকৌশল শাখায় যোগাযোগ করে পুরাতন জরাজীর্ণ ভবন সমূহ পরিদর্শন করতে পারবেন।
- ৩। দরপত্র দলিলের মূল্য : প্রতিসেট ১০০০.০০ (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) নগদ পরিশোধের মাধ্যমে ক্রয় করা যাবে।
- ৪। দরপত্র দলিল প্রাপ্তির স্থান ও সময়কাল : রূপালী ব্যাংক লিমিটেড, রুয়েট শাখা, রাজশাহী (১০টা - ৪টা পর্যন্ত)
- ৫। দরপত্র দলিল ক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় : ১৮/০৩/২০১৯ খ্রি বিকাল ৪টা পর্যন্ত।
- ৬। দরপত্র দাখিলের তারিখ, সময় ও স্থান : ১৯/০৩/২০১৯ খ্রি ১২টা ঘটিকায় প্রকৌশল শাখার দরপত্র বাস।
- ৭। দরপত্র খোলার স্থান তারিখ ও সময় : প্রকৌশল শাখার সভাকক্ষে ১৯/০৩/২০১৯ খ্রি ১২:৩০ ঘটিকার সময় দরদাতা অথবা তাদের প্রতিনিধির উপস্থিতিতে (যদি কেহ থাকেন) দরপত্র বাস খোলা হবে।
- ৮। দরপত্রের সাথে উদ্ধৃত দরের ১০% (শতকরা দশ ভাগ) হারে টেন্ডার সিকিউরিটি (ফেরতযোগ্য) ভিসি, রুয়েট, রাজশাহী অনুকূলে বাংলাদেশ ব্যাংকের তফসিলভুক্ত যে কোন ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে সংযুক্ত করতে হবে।
- ৯। দরদাতা দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর ও ভ্যাট সনদপত্রসহ সংযুক্ত করতে হবে।
- ১০। কার্যাদেশ প্রদানের ৬০ দিনের মধ্যে সম্পূর্ণ স্থাপনা ভেঙ্গে মালামাল অপসারণ করে কাজটি সমাপ্ত করতে হবে।
- ১১। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা যে কোন বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। পত্রিকায় প্রকাশের পর হতে যে কোন কর্মদিবসে দরপত্র দাখিল করা যাবে। কোন কারণবশতঃ দরপত্র দাখিলের তারিখে বিশ্ববিদ্যালয় বন্ধ থাকলে পরবর্তী কর্মদিবসে দরপত্র দাখিল করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে ([www.ruet.ac.bd](http://www.ruet.ac.bd)) নিলাম বিজ্ঞপ্তি পাওয়া যাবে।

(প্রকৌশলী মোঃ শাহাদৎ হোসেন)

প্রধান প্রকৌশলী

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

২৭/২/১৯

২৭/২/১৯